নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২৩৬১ ১০ ডিসেম্বর ২০২৫

## সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে ইংরেজি বিভাগের ১০ম ব্যাচের ফেয়ারওয়েল অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ইংরেজি বিভাগের ১০ম ব্যাচের ফেয়ারওয়েল অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (১০ ডিসেম্বর ২০২৫) বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে ইংরেজি বিভাগের আয়োজনে এ ফেয়ারওয়েল অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, আপনারা যারা আজকে গ্র্যাজুয়েট হয়েছেন তাদের প্রতি আমার অনুরোধ- আপনারা যে যেখানেই অবস্থান করবেন, আপনাদের ওপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করবেন। তাহলেই আমরা সুন্দর মনের মানুষ হতে পারবো। যেখানেই যান একজন নৈতিকতাসম্পন্ন মানুষ হবেন সেই প্রত্যাশা করছি। যেখানেই থাকুন সৎ এবং হালাল পথে জীবন যাপন করবেন আজকের এই বিদায়ক্ষণে এই হোক সংকল্প।

এ সময় শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, আমি আশা করবো তোমরা যারা গ্র্যাজুয়েট হয়েছো তারা চাকরির পরীক্ষায় উত্তীর্ণ হতে চাও কালবিলম্ব না করে সেসব পরীক্ষার জন্য প্রস্তুতি নাও। জীবনে হয়তো অনেক সময় পাবে। কিন্তু এই সময়টা অত্যন্ত স্পর্শকাতর। যতো দ্রুত এই সময়টাতে নিজেকে গুছিয়ে নিতে পারবে ততো তোমাদের জন্য ভালো হবে।

বিভাগের চেয়ারম্যান ড. শিরিন আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ।

পরে বিদায়ী শিক্ষার্থী এবং সম্মানিত অতিথিদের সম্মাননা স্মারক প্রদান করা হয়। অনুষ্ঠানে বিভাগের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা, কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪